



সুনামগঞ্জ সরকারি কলেজ, সুনামগঞ্জ



ব্যবস্থাপনা বিভাগ

বিজ্ঞপ্তি

তারিখঃ ২৪/০৬/২০২১ খ্রিস্টাব্দ

এতদ্বারা সুনামগঞ্জ সরকারি কলেজে অধ্যয়নরত বিবিএ (ব্যবস্থাপনা) ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থী এবং ২০১৬-২০১৭, ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের অনিয়মিত শিক্ষার্থী যারা জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ১মবর্ষ পরীক্ষায় অংশগ্রহণের জন্যে ফরম পূরণ করেছিল তাদেরকে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ শর্ত সাপেক্ষে ২য় বর্ষে উত্তীর্ণ করার সিদ্ধান্ত নিয়েছে।

তবে, মহামারি কভিড-১৯ পরিস্থিতি উন্নতি হলে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক পরীক্ষায় আয়োজন করা হবে এবং সেই পরীক্ষায় তাদেরকে অংশ গ্রহণ করে বিধি মোতাবেক পাশ করতে হবে। এই প্রেক্ষিতে, বিবিএ (ব্যবস্থাপনা)-এর যেসকল শিক্ষার্থী শর্ত সাপেক্ষে উত্তীর্ণের (Conditional Promotion) সুবিধা গ্রহণে ইচ্ছুক, তাদেরকে বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত ফরমে অঞ্জীকারনামা (রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপিসহ) আগামী ০১/০৭/২০২১ খ্রিস্টাব্দ তারিখ হতে ০৫/০৭/২০২১ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে (বেলা ১১:০০টা হতে ০১:০০টা পর্যন্ত) ব্যবস্থাপনা বিভাগে জমা দেওয়ার জন্যে নির্দেশ করা গেল। অঞ্জীকারনামা নিজে/ প্রতিনিধির মাধ্যমে জমা দেওয়া যাবে।

যেসকল শিক্ষার্থী নির্ধারিত সময়ের মধ্যে অঞ্জীকারনামা (রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপিসহ) জমা দিতে ব্যর্থ হবে তারা শর্ত সাপেক্ষে উত্তীর্ণের (Conditional Promotion) সুবিধা থেকে বঞ্চিত হবে। জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক ইস্যুকৃত অঞ্জীকারনামার নির্ধারিত ফরম তাদের নিজস্ব ওয়েব সাইট [www.nubd.info/honors](http://www.nubd.info/honors) -এ পাওয়া যাবে।

বিভাগীয় প্রধান

ব্যবস্থাপনা বিভাগ

সুনামগঞ্জ সরকারি কলেজ, সুনামগঞ্জ।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপিঃ

- ✓ ১। অধ্যক্ষ, সুনামগঞ্জ সরকারি কলেজ, সুনামগঞ্জ।
- ২। অফিস কপি।

বিভাগীয় প্রধান

ব্যবস্থাপনা বিভাগ

সুনামগঞ্জ সরকারি কলেজ, সুনামগঞ্জ।